**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়**
**চাঁপাইনবাবগঞ্জ**

**স্মারক নং:** ৩৮.০১.৭০০০.০০০.২৭.০০৩.১৭.২৬-৮৭৪ **তারিখ:** ১৮ আগস্ট , ২০২৬ খ্রি.

**বিষয়: 'নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৬-২৭' কর্মসূচিতে প্রত্যেক বিদ্যালয় থেকে ১৫ জন শিশুর রেজিস্ট্রেশন নিশ্চিতকরণ প্রসঙ্গে।**

সূত্র: যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং ক্রীড়া পরিদপ্তরের 'নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৬-২৭' সংক্রান্ত নির্দেশনা।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতাধীন ক্রীড়া পরিদপ্তরের উদ্যোগে ১০টি ইভেন্টে বালক-বালিকাদের অংশগ্রহণের লক্ষ্যে দেশব্যাপী 'নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৬-২৭' এর রেজিস্ট্রেশন কার্যক্রম চলমান রয়েছে। এই কর্মসূচিতে ১০ থেকে ১৪ বছর বয়সী (জন্ম তারিখ: ০১/০৯/২০১২ হতে ৩১/০৮/২০১৬ এর মধ্যে) ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণের সুযোগ রয়েছে।

এমতাবস্থায়, আপনার উপজেলাধীন প্রত্যেকটি সরকারি প্রাথমিক বিদ্যালয় থেকে ন্যূনতম ১৫ (পনেরো) জন যোগ্য ও আগ্রহী শিশুর অনলাইন রেজিস্ট্রেশন জন্য notunkurisports.gov.bd ওয়েবসাইটের মাধ্যমে আগামী ৩১ আগস্ট ২০২৬ তারিখের মধ্যে সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের জরুরি নির্দেশনা প্রদানের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

বিষয়টি অত্যন্ত জরুরি।

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
চাঁপাইনবাবগঞ্জ।

উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)
চাঁপাইনবাবগঞ্জ।

সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো।

১। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ।
২। সংরক্ষণ নথি।

CamScanner